

তৃতীয় সিএসই কনফারেন্স অনুষ্ঠিত

✍ নিবন্ধ প্রতিবেদক (https://www.jagonews24.com/author/staff-reporter)

📅 প্রকাশিত: ০৯:৩৯ পিএম, ২৮ অক্টোবর ২০১৭ | 🕒 আপডেট: ০৯:৪১ পিএম, ২৮ অক্টোবর ২০১৭



তথ্য-প্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে দেশব্যাপী শুরু হওয়া সিএসই কনফারেন্স তৃতীয়বারের মতো অনুষ্ঠিত হয়েছে। শনিবার রাঙামাটির কাণ্ডাইয়ের বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট অডিটোরিয়ামে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে দেশি-বিদেশি প্রকৌশলীরা তথ্যপ্রযুক্তির আপডেট ভার্সন, প্রোগ্রামিং, মাইক্রোসফট সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইওটি, স্টার্টিং ইউর ক্যারিয়ার ওয়েব ও ডাটাবেইস ডেভেলপমেন্ট, রোবোটিকস প্রেজেন্টেশন, আউটসোর্সিং, মোবাইল অ্যাপস ও তথ্য-প্রযুক্তিতে উন্নত ক্যারিয়ার গঠন বিষয়ক ক্লাস নেন।

কনফারেন্সে আলোচনায় অংশ নেন বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ আশুতোষ নাথ, কম্পিউটার টেকনোলজি বিভাগের প্রধান তারিকুল ইসলামসহ বিভিন্ন ডিসিপ্লিনের শিককবন্দ। কনফারেন্সে প্রায় চার শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

সিএসই কনফারেন্স এর উদ্যোক্তা প্রকৌশলী মো. ইসরাফিল জানান, কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত দেশের বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে এ কনফারেন্স অব্যাহত থাকবে।

কর্মসূচিতে সহায়তা করছে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান আলফা নেট। কর্মশালা শেষে তথ্য শিক্ষার্থীদের স্কলারশিপ দিয়েছে প্রতিষ্ঠানটি।

এফএইচ/একে/জেআইএম

সম্পাদক : সৃজন মাহমুদ

© ২০১৭ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম, একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

📍 আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা), গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

☎ (Phone:.) ৮৮ ০২ ৯৮৪২৬৮৯ , 📠 (Fax:.) ৮৮ ০২ ৯৮৪২১৭৬ ✉ (Email:.) info@jagonews24.com, jagonews24@gmail.com